



তথ্যবিবরণী

নম্বর: ১০০

আরএমপি'র মাসিক কল্যাণ সভা অনুষ্ঠিত

রাজশাহী ; ০২ অগ্রহায়ণ (১৭ নভেম্বর) :

আজ (১৭ নভেম্বর) সকাল সাড়ে নয় টায় রাজশাহী পুলিশ লাইন্স ড্রিল শেডে আরএমপি'র মাসিক কল্যাণ সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন রাজশাহী মেট্রোপলিটন পুলিশের (আরএমপি) পুলিশ কমিশনার মোহাম্মদ আবু সুফিয়ান।

কল্যাণ সভায় উপস্থিত সদস্যগণদের মধ্য হতে বিভিন্ন পদ মর্যাদার পুলিশ সদস্যবৃন্দ সমস্যা ও কল্যাণমূলক বিভিন্ন প্রস্তাবনা উত্থাপন করেন। পুলিশ কমিশনার প্রস্তাবনাগুলো শোনেন এবং তা পর্যালোচনা করে বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশ প্রদান করেন। সভায় পুলিশ কমিশনার আরএমপি'র সকল পর্যায়ের পুলিশ সদস্যদের বিভিন্ন দিকনির্দেশনা দেন।

প্রধান অতিথির বক্তব্যে আরএমপি কমিশনার বলেন, অফিসার ও ফোর্সদের উত্তম পোষাক পরিধান করা, স্বাস্থ্য সচেতনতা, পরিষ্কার পরিচ্ছন্নতা এবং জনসাধারণের সাথে উত্তম ব্যবহার নিশ্চিত করতে হবে। এছাড়াও পুলিশ সদস্যদের নিজের জানমালের নিরাপত্তার পাশাপাশি অর্পিত দায়িত্ব নিষ্ঠা ও পেশাদারিত্বের সাথে পালনের জন্য নির্দেশ প্রদান করেন তিনি।

কল্যাণ সভা শেষে রাজশাহী মেট্রোপলিটন পুলিশে কর্মরত ০১ জন এসআই, ০১ জন টিএসআই, ০২ জন এএসআই, ০৭ জন কনস্টেবল ও ০৪ জন সিভিল স্টাফকে অবসরজনিত বিদায় সংবর্ধনার দেওয়া হয়। এসময় পুলিশ কমিশনার বিদায়ী পুলিশ সদস্যদের শুভেচ্ছা স্মারক প্রদান করেন এবং তাঁদের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন।

সভায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন আরএমপি'র নগর বিশেষ শাখার বিশেষ পুলিশ সুপার কে. এম. আরিফুল হক, বিভাগের উপ-পুলিশ কমিশনার বিভূতি ভূষন বানার্জী, বোয়ালিয়া ক্রাইম বিভাগের উপ-পুলিশ কমিশনার অনির্বান চাকমা, সদর উপ-পুলিশ কমিশনার মো: সাইফউদ্দীন শাহীন, আরএমপি'র উর্ধ্বতন কর্মকর্তাগণ এবং অন্যান্য পুলিশ সদস্যবৃন্দসহ সিভিল স্টাফগণ।

.....
আতিক/আরিফ/আলীম/১৫:৩০ঘ.